মেহেরপুরে প্রান্তিক কৃষকের মাঝে সার ও বীজ বিতরণ

মুজিব বর্ষের অঙ্গীকার, কৃষি হবে দুর্বার” শ্লোগানে ২০২০-২১ অর্থবছরের খরিপ ১/২১-২২ মৌসুমে আউশ উৎপাদন বৃদ্ধির লক্ষে মেহেরপুর সদর উপজেলার ৩ হাজার ৭শত জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে সার-বীজ বিতরণ করা হয়েছে। উপজেলা প্রশাসন ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মেহেরপুর সদর এর উদ্দ্যোগে বুধবার সকাল সাড়ে ১১ টায় নির্বাহী অফিসার মাসুদুল আলম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উপস্থিত কৃষকের হাতে তুলেদেন জেলা প্রশাসক ড. মুনসুর আলম খান।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক স্বপন কুমার খান, মেহেরপুর সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড ইয়ারুল ইসলাম। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মেহেরপুর সদর উপজেলা কর্মকর্তা নাসরিন পারভীন, মেহেরপুর সদর উপজেলা ভাইস চেয়ারম্যান মমিনুল ইসলাম ও লতিফুন্নেছা লতা প্রমুখ।

এসময় রোপা আউশ ধান ১বিঘার জন্য ৫ কেজি, ডিএপি ২০ কেজি, এমওপি ১০ কেজি করে জনপ্রতি কৃষকদের বীজ ও রাসায়নিক সার প্রদান করা হয়। জেলায় ৮ হাজার ৪’শ জন প্রান্তিক চাষীদের মাঝে এসকল উপকরণ বিতরণ করা হবে।

দামুড়হুদায় ইফতার মাহফিল ও দোয়া অনুষ্ঠিত

দামুড়হুদা ওরা বন্ধু সংঘের আয়োজনে ইফতার মাহফিল ও দোয়া অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার ওরা বন্ধু সংঘের অস্থায়ী কার্যালয়ে ইফতার মাহফিল ও দোয়া অনুষ্ঠিত হয়।

ইফতার মাহফিল ও দোয়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, প্রেসক্লাবের যুগ্ন সম্পাদক হাবিবুর রহমান হাবীব, উপসহকারী কৃষি কর্মকর্তা মো: সাইফুল ইসলাম, বন্ধু সংঘের সভাপতি সাংবাদিক তানজির ফয়সাল, সহ-সভাপতি আসলাম মিয়া, সাবেক কোষাধ্যক্ষ আমেদ মল্লিক, সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক সাংবাদিক মিরাজুল ইসলাম মিরাজ, নিউ স্টার ক্লাবের অধিনায়ক শাহীন, ওরা বন্ধু সংঘের সদস্য আলাউদ্দিন, রাকিব ফাউন্ডেশনের সভাপতি আরজু আহমেদ রাকিব, স্থানীয় পত্রিকা বিক্রয় প্রতিনিধি সহিদ আজম সদু, সাহাজাহান প্রমুখ।

দোয়া অনুষ্ঠান পরিচালনা করেন দামুড়হুদা প্রেসক্লাবের কোষাধ্যক্ষ শমশের আলি।

দামুড়হুদায় প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী বিতরণ

দামুড়হুদায় প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী বিতরণ করেছে উপজেলা প্রশাসন। দরিদ্র দুস্ত ভাসমান ও অস্বচ্ছল মানুষের মানবিক সহায়তা কর্মসূচি আওতায় ১৬৪ জন পরিবারের মধ্যে প্রধানমন্ত্রী দেওয়া উপহার সামগ্রী (ত্রাণ) বিতরণ করা হয়েছে।

গতকাল সকাল ১১ টার দিকে দামুড়হুদার শেখ রাসেল মিনি স্টেডিয়ামে উপজেলা প্রশাসনের বাস্তবায়নে উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু ও উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান প্রধানমন্ত্রীর দেওয়া এ উপহার সামগ্রী বিতরণ করেন।

এ সময় উপস্থিত অতিথিরা বলেন, ‘করোনাভাইরাস সংক্রমণ প্রতিরোধে চলমান লকডাউনে দরিদ্র, দুস্থ, ভাসমান এবং অস্বচ্ছল নিম্ন আয়ের মানুষ অসহায় জীবনযাপন করছে। তাদের বিষয়ে চিন্তা করে প্রধানমন্ত্রীর উপহার হিসেবে উপজেলা প্রশাসনের বাস্তবায়নের ১৬৪ জন পরিবারের মাঝে এ উপহার সামগ্রী বিতরণ করা হলো।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন- উপজেলা প্রকল্প

বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) আশরাফ আলী প্রমুখ।

দামুড়হুদার কার্পাসডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান

দামুড়হুদার কার্পাসডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালিত হয়েছে। গতকাল মঙ্গলবার দুপুরে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান কার্পাসডাঙ্গা বাজারে এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, মহামারী করোনা ভাইরাসের সংক্রমণ রোধে ও লকডাউন বাস্তবায়নে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট দিলারা রহমান দামুড়হুদার কাপাসডাঙ্গায় ভ্রাময়মাণ আদালত পরিচালনা করার সময় মাস্ক পরিধান না করা, স্বাস্থ্যবিধি না মানার অপরাধে ৫ জন কে ১৩০০ টাকা জরিমানা করেন নির্বাহী ম্যাজিস্ট্রেট দিলারা রহমান।

এসময় তিনি বলেন, সকলে সরকারি নির্দেশনা মেনে চলুন সুস্থ থাকেন। সরকারি নির্দেশনা অমান্য করলে কঠোর আইনগত ব্যবস্থা নেওয়া হবে। অপ্রয়োজনে বাড়ির বাহিরে বের হবেন না। নিজে ও পরিবার কে ঝুকিতে ফেলবেন না। লকডাউন বাস্তবায়ন প্রশাসন কে সহযোগিতা করুন।
আদালত পরিচালনায় সহযোগীতা করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসের পেশকার জিহন আলিও কাপাসডাঙ্গা ফাঁড়ি পুলিশের টিম।

কুষ্টিয়ায় তৃতীয় লিঙ্গের

দু’গ্রুপের বিরোধ মেটালেন চেয়ারম্যান

কুষ্টিয়ায় তৃতীয় লিঙ্গের দুই গ্রুপে বিরোধ হয়েছে। পাল্টাপাল্টি অভিযোগ নিয়ে থানায় জড়ো হয় তারা। পরে সমঝোতা হয়েছে থানায়। পুলিশ বলেছে, পাল্টাপাল্টি অভিযোগের ভিত্তিতে ডাকা হয় তাদের।

গতকাল মঙ্গলবার দুপুর ১টায় সেখানে জড়ো হওয়া দুই শতাধিক তৃতীয় লিঙ্গের মানুষদের মিলিয়ে দিয়েছেন উপজেলা চেয়ারম্যান।

মিরপুর থানার (ওসি) গোলাম মোস্তফা বলেন, সম্প্রতি কুষ্টিয়ার মিরপুর উপজেলার পোড়াদহের তৃতীয় লিঙ্গের মানুষ দুটি গ্রুপে বিভক্ত হয়। এর মধ্যে নয়ন তারা নামে একজন তার দলবল নিয়ে কিছুদিন আগে অন্য গ্রুপে মিশে যায়। তৃতীয় লিঙ্গের নাহিদ অভিযোগ করেন, তারা শক্তিশালী হয়ে আমাদের এলাকায় টিকতে দিচ্ছে না, বাড়ি-ঘর ভাঙচুর করেছে। তারপর ওরাই আবার থানায় অভিযোগ করেছে। শেষ পর্যন্ত আমরাও থানায় অভিযোগ করি।

দুই গ্রুপের মধ্যে অর্থ আদায়ের জন্য এলাকার দখল নিয়েও দ্বন্দ্ব রয়েছে। এসব নিয়ে কথা বলার জন্য মঙ্গলবার দুপুরে মিরপুর থানায় দুই পক্ষকেই আসতে বলে পুলিশ।

থানায় দুই শতাধিক তৃতীয় লিঙ্গের মানুষ জড়ো হলে সেখানে আসেন উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফিন।
তাদের দুই পক্ষের নেতাদের কথা শুনে এলাকা ভাগাভাগি করে দেন। মিলিয়ে দেন দুই পক্ষকেই। দুই পক্ষই খুশি হয়েছেন।

তারা আর কোনো বিরোধে জড়াবে না বলে প্রতিশ্রুতি দিয়েছেন বলেও জানিয়েছেন মিরপুর থানার (ওসি) গোলাম মোস্তফা।

কালীগঞ্জে ক্লিনিক থেকে চুরির ১৬ ঘন্টার মাথায় নবজাতক উদ্ধার, চোর আটক

ঝিনাইদহের কালীগঞ্জ শহরের বেসরকারি সেবা ক্লিনিক এন্ড ডায়াগনোস্টিক থেকে গত সোমবার সন্ধ্যা সাড়ে ৬ টার দিকে চুরি হওয়া নবজাতককে ১৬ ঘন্টা পর উদ্ধার করেছে ঝিনাইদহ র্যাব-৬।

গতকাল মঙ্গলবার সকাল ১০ টার দিকে কালীগঞ্জ শহরের নিশ্চিন্তপুর দাসপাড়া এলাকা থেকে নবজাতককে উদ্ধার করা হয়।
এ সময় র্যাব জাহাঙ্গীর হোসেনের স্ত্রী প্রিয়া খাতুন কে আটক করে থানায় সোপর্দ করেছে। উদ্ধারের পর নবজাতকটিকে তার বাবা-মায়ের কাছে হস্তান্তর করেছে র্যাব। কন্যা নবজাতকটি শহরের বলিদাপাড়ার মনিরুল ও শাবানা বেগম দম্পতির।

ঝিনাইদহ র্যাব-৬ এর কোম্পানী কমান্ডার অতিরিক্ত পুলিশ সুপার কামাল উদ্দিন জানান, সোমবার সন্ধ্যা সাড়ে ৬ টার দিকে সেবা ক্লিনিক থেকে চুরি হওয়া নবজাতকটি নিশ্চিন্তপুর এলাকা থেকে গতকাল মঙ্গলবার সকাল ১০ টার দিকে উদ্ধার করা হয়েছে। এ সময় নবজাতকটি পিয়া নামে এক নারীর কাছে পাওয়া যায়। ওই নারীকে আটক করে থানায় সোপর্দ করা হয়েছে।

উল্লেখ্য, ঝিনাইদহের কালীগঞ্জ শহরের সেবা ক্লিনিক ও ডায়াগনোস্টিক সেন্টার থেকে সিজারের তিন ঘন্টা পর এক মেয়ে নবজাতক চুরির ঘটনা ঘটে। সোমবার সন্ধ্যা সাড়ে ৬ টার দিকে ক্লিনিকের ২০৩ নম্বর কেবিন থেকে নবজাতকটি চুরি হয়।

সেবা ক্লিনিক ও ডায়াগনোস্টিক সেন্টারের মালিক আব্দুল হামিদ জানান, সোমবার বিকেল সাড়ে ৩ টার দিকে ডা: প্রবীর কুমার ও ডা: প্রফুল্ল কুমার মজুমদার সিজারের মাধ্যমে মনিরুল ইসলাম ও শাবানা দম্পতির একটি কন্যা সন্তান জন্ম নেয়। মা ও নবজাতক সুস্থ ছিল। তাদের বাড়ি উপজেলার বলিদাপাড়ায়। মাগরিবের আজানের সময় নাকি নবজাতকটি চুরি হয়।

ঝিনাইদহের কেশবপুরে পানিতে পড়ে শিশুর মৃত্যু

ঝিনাইদহে সদর উপজেলা ৭ নং মহারাজপুর ইউনিয়নের কেশবপুর গ্রামে পানিতে পড়ে ১৮ মাসের শিশুপুত্র তাহসিন মৃত্যুবরণ করেন।
তাহসিন কেশবপুর গ্রামের ট্রাক ড্রাইভার আলামিনের ছেলে।

তাহসিনের পারিবারিক সূত্রে জানা যায়, গতকাল দুপুর ২টার দিকে বাসার পাশে টিউবওয়েলের পানি জমে থাকা গর্তে পরে তার মৃত্যু হয়েছে।
তাহসিনের মৃত্যুতে পরিবার ও গ্রামবাসীর ভিতরে শোকের ছায়া নেমে এসেছে।

মেহেরপুর ইয়ুথ অ্যাসেম্বলি সংগঠনের মাস্ক বিতরণ

বিশ্বেজুড়ে করোনা ভাইরাস এখন এক আতঙ্কের নাম। সারাবিশ্বের ন্যায় বাংলাদেশেও পড়েছে কোরোনার ভয়াল থাবা। করোনা আতঙ্ক থমথমে পরিবেশ সৃষ্টি হয়েছে। মানুষের সংস্পর্শেই সংক্রমিত হচ্ছে এই ভাইরাসটি। তাই সংক্রমণ ঠেকাতে প্রতিরোধ গড়ে তোলা খুবই জরুরি।

করোনা ভাইরাস থেকে মানুষকে সুরক্ষিত রাখতে মাস্ক ব্যবহারে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হয়েছে।

করোনা ভাইরাসের প্রাদুর্ভাব মোকাবেলায় সাধারণ মানুষের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিতকরণে লক্ষ্যে ইয়ুথ অ্যাসেম্বলির উদ্যোগে ও ওয়েব ফাউন্ডেশন এর সহযোগিতায় বিভিন্ন শ্রেণীপেশার মানুষের মাঝে মাস্ক বিতরণ করা হয়েছে।

গতকাল মঙ্গলবার সকালে জেলা প্রেস ক্লাবের সামনে ইয়ুথ অ্যাসেম্বলির আহবায়ক তানভীর শাহরিয়ার এর নেতৃত্বে বিভিন্ন শ্রেণিপেশার পথচারীদের মাঝে মাস্ক বিতরণ করা হয়।

মাস্ক বিতরণকালে ওয়েব ফাউন্ডেশন এর জেলা সমন্বয়কারী জাহাঙ্গীর আলম, এরিয়া সমন্বয়কারী আমিরুল ইসলাম, ম্যানাজার মোঃ খোকন, তারিক কাজী, সাব্বির হোসেন জিয়া ও ইয়ুথ অ্যাসেম্বলির শ্রাবনী, নাসরিন, শরিফুল, নুসরাত, উজ্জল এবং দৃষ্টি সহ আরও অনেকে উপস্থিত ছিলেন।
এসময় পথচারীদের মাঝে প্রায় দুইশত মাস্ক বিতরণ করা হয়।

আমঝুপিতে শিক্ষা বিষয়ক গ্লোবাল অ্যাকশন সপ্তাহ উপলক্ষে মতবিনিময় সভা

প্রতিবছর এর ন্যায় এবারো শিক্ষা বিষয়ক গ্লোবাল অ্যাকশন সপ্তাহ ২০২১ উপলক্ষে গতকাল মঙ্গলবার সকাল ১০টার দিকে গনসাক্ষরতা অভিযান এর সহায়তায় মানব উন্নয়ন কেন্দ্র মউক জুম এর মাধ্যমে কাম্পেইন সভা অনুষ্ঠিত হয়।

এ সভায় গ্লোবাল অ্যাকশন সপ্তাহ পালনের লক্ষ্য ও উদ্দেশ্য তুলে ধরে সুচনা বক্তব্য রাখেন মানব উন্নয়ন কেন্দ্র মউক এর নির্বাহী প্রধান আশাদুজ্জমান সেলিম-সভায় অংশ নিয়ে মতামত ও বক্তব্য প্রদান করেন মেহেরপুর সদর উপজেলা শিক্ষা অফিসার মোঃ আপিল উদ্দীন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ আনোয়ার হোসেন, সহকারী উপজেলা শিক্ষা অফিসার শফিকুর রহমান ও মোনাখালী ইউপির সাবেক চেয়ারম্যান মোঃ আব্দুল লতিব।

সভায় সাংবাদিক, শিক্ষক, জনপ্রতিনিধি সহ সরকারী বেসরকারী সংস্থার প্রতিনিধিগণ অংশ গ্রহন করেন।

মেহেরপুরে মাস্ক ফেরিওয়ালা

মানব উন্নয়ন কেন্দ্র মউক এর আয়োজনে মেহেরপুর জেলা শহরের প্রধান সড়কের চলাচলরত মাস্ক বিহীন জনতাকে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ব্যপক প্রচারণার জন্য এক নতুন কৌশলে বিনামূল্যে মাস্ক বিতরণ করা হয়।

গতকাল মঙ্গলবার সকালে মাস্ক ফেরিওয়ালা নামের ৪জন সেবকের সারা শরীর রং বে রংয়ের মাস্ক সাজিয়ে শহরময় ফ্রি মাস্ক বিতরণ করা হয়। এসময় মাস্কবিহীন মানুষ মাস্ক নিজে গ্রহণ করে এবং অন্যকেও মাস্ক গ্রহণের উৎসাহ প্রদান করে।
এ ধরণের উদ্যোগে এর শুরুতে বক্তব্য রাখেন মউক নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম।

তিনি বলেন, মাস্কই একমাত্র হাতিয়ার করোনা প্রতিরোধে। তাই মাস্ক বিক্রয় যাতে সার্বজনীন হয়, মাস্ক বিক্রয় করে মানুষ যদি জীবন জীবিকা উপার্জন করতে পারে এবং সাধারণ জনতা অতি সহজে বাড়ির দোর গোড়ায় মাস্ক ক্রয় করে ব্যবহার করতে পারে, সেই জন্য মউকের এই ব্যতিক্রম ক্যাম্পেইন কর্মসুচী।
ফোনালাপে জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন জানান, এই ধরণের উদ্যোগ তৃণমূলের মানুষকে ব্যপকভাবে সচেতন করবে এবং মানুষ মাস্ক ব্যবহারে উৎসাহ পাবে।